গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-১২৬২

তারিখ : ০৭ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ সরকারি/বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০১৮ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি অনুমোদন।**

সূত্র ঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-ওএম/১৮৮-সম/২০০২/২৭০৪, তারিখ : ২৭.১১.২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি/বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০১৮ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছে :

| ক্রমিক | পর্বের নাম | তারিখ ও দিন | তারিখ, বঙ্গাব্দ | দিন সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | শ্রী শ্রী সরস্বতী পূজা | ২২ জানুয়ারি, ২০১৮, সোমবার | ০৯ মাঘ, ১৪২৪ | ০১ দিন |
| ২. | * মাঘী পূর্ণিমা | ৩১ জানুয়ারি, ২০১৮, বুধবার | ১৮ মাঘ, ১৪২৪ | ০১ দিন |
| ৩. | শ্রী শ্রী শিবরাত্রি ব্রত | ১৪ ফেব্রুয়ারি, ২০১৮, বুধবার | ০২ ফাল্গুন, ১৪২৪ | ০১দিন |
| ৪. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, ২০১৮, বুধবার | ০৯ ফাল্গুন, ১৪২৪ | ০১দিন |
| ৫. | শুভ দোলযাত্রা | ০১ মার্চ, ২০১৮, বৃহস্পতিবার | ১৭ ফাল্গুন, ১৪২৪ | ০১দিন |
| ৬. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস | ১৭ মার্চ , ২০১৮, শনিবার | ০৩ চৈত্র, ১৪২৪ | ০১দিন |
| ৭. | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ, ২০১৮, সোমবার | ১২ চৈত্র, ১৪২৪ | ০১দিন |
| ৮. | ইস্টার সানডে | ০১ এপ্রিল, ২০১৮, রবিবার | ১৮ চৈত্র, ১৪২৪ | ০১দিন |
| ৯. | বৈসাবি | ১২ এপ্রিল, ২০১৮, বৃহস্পতিবার | ২৯ চৈত্র, ১৪২৪ | ০১দিন |
| ১০. | বাংলা নববর্ষ | ১৪ এপ্রিল, ২০১৮, শনিবার | ০১ বৈশাখ, ১৪২৫ | ০১দিন |
| ১১. | * শব-ই-মিরাজ | ১৫ এপ্রিল, ২০১৮, রবিবার | ০২ বৈশাখ, ১৪২৫ | ০১দিন |
| ১২. | *বুদ্ধ পূর্ণিমা (বৈশাখি পূর্ণিমা) | ২৯ এপ্রিল, ২০১৮, রবিবার | ১৬ বৈশাখ, ১৪২৫ | ০১দিন |
| ১৩. | মে দিবস | ০১ মে, ২০১৮, মঙ্গলবার | ১৮ বৈশাখ, ১৪২৫ | ০১দিন |
| ১৪. | * শব-ই-বরাত | ০২ মে, ২০১৮, বুধবার | ১৯ বৈশাখ, ১৪২৫ | ০১দিন |
| ১৫. | গ্রীষ্মকালীন অবকাশ, * পবিত্র রমজান, * শব-ই-কদর (১২ জুন), জুমাতুল বিদা (১৫জুন), * ঈদ-উল-ফিতর (১৬ জুন) | ১৭ মে, বৃহস্পতিবার, থেকে ২১জুন, ২০১৮, বৃহস্পতিবার | ০৩ জ্যৈষ্ঠ থেকে ০৭আষাঢ়, ১৪২৫ | ৩১ দিন |
| ১৬. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, ২০১৮, বুধবার | ৩১ শ্রাবণ, ১৪২৫ | ০১ দিন |
| ১৭. | * পবিত্র ঈদ-উল-আয্হা (২১,২২,২৩ আগস্ট) | ১৮ আগস্ট, শনিবার থেকে ২৮ আগস্ট, ২০১৮, মঙ্গলবার | ০৩ ভাদ্র থেকে ১৩ ভাদ্র, ১৪২৫ | ১০ দিন |
| ১৮. | শুভ জন্মাষ্টমী | ০২ সেপ্টেম্বর, ২০১৮, রবিবার | ১৮ ভাদ্র, ১৪২৫ | ০১ দিন |
| ১৯. | * হিজরি নববর্ষ | ১২ সেপ্টেম্বর, ২০১৮, বুধবার | ২৮ ভাদ্র, ১৪২৫ | ০১ দিন |
| ২০. | * আশুরা | ২১ সেপ্টেম্বর, ২০১৮, শুক্রবার | ০৬ আশ্বিন, ১৪২৫ | ০০ দিন |
| ২১. | দুর্গাপূজা (বিজয়া দশমী, ১৯ অক্টোবর ) * প্রবারণা পূর্ণিমা (২৪ অক্টোবর), শ্রী শ্রী লক্ষ্মী পূজা (২৪অক্টোবর) | ১৬ অক্টোবর, মঙ্গলবার থেকে ২৪ অক্টোবর, ২০১৮, বুধবার | ০১ কার্তিক থেকে ০৯ কার্তিক, ১৪২৫ | ০৮ দিন |
| ২২. | শ্রী শ্রী শ্যামা পূজা | ০৬ নভেম্বর, ২০১৮, মঙ্গলবার | ২২ কার্তিক, ১৪২৫ | ০১ দিন |
| ২৩. | * আখেরি চাহার সোম্বা | ০৭ নভেম্বর, ২০১৮, বুধবার | ২৩ কার্তিক, ১৪২৫ | ০১ দিন |
| ২৪. | * ঈদ-ই- মিলাদুন্নবী (সা:) | ২১ নভেম্বর, ২০১৮, বুধবার | ০৭ অগ্রহায়ণ, ১৪২৫ | ০১ দিন |
| ২৫. | শীতকালীন অবকাশ, বিজয় দিবস (১৬ ডিসেম্বর),ফাতেহা-ই-ইয়াজ দাহম, যিশু খ্রিষ্টের জন্মদিন (বড় দিন, ২৫ ডিসেম্বর) | ১৫ ডিসেম্বর, শনিবার থেকে ২৯ ডিসেম্বর ২০১৮, শনিবার | ০১ পৌষ থেকে ১৬ পৌষ, ১৪২৫ | ১৩ দিন |
| ২৬. | প্রধান শিক্ষকের সংরক্ষিত ছুটি | | | ০৩ দিন |
| | | | মোট = | ৮৫ দিন |

*** চাঁদ দেখার উপর নির্ভরশীল।**

*চলমান পাতা- ০২*

## পরীক্ষার সময়সূচি - ২০১৮

| পরীক্ষার নাম | তারিখ | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| অর্ধ-বার্ষিক/প্রাক-নির্বাচনি পরীক্ষা | ০১ জুলাই, রবিবার থেকে ১৪ জুলাই, ২০১৮, শনিবার পর্যন্ত | ১২ দিন | ২৮ জুলাই, ২০১৮, শনিবার |
| নির্বাচনি পরীক্ষা | ০১ অক্টোবর, সোমবার থেকে ১৪ অক্টোবর, ২০১৮রবিবার পর্যন্ত | ১২ দিন | ০৫ নভেম্বর, ২০১৮, সোমবার |
| বার্ষিক পরীক্ষা | ২৮ নভেম্বর, বুধবার থেকে ১১ ডিসেম্বর, ২০১৮, মঙ্গলবার পর্যন্ত | ১২ দিন | ৩০ ডিসেম্বর, ২০১৮, রবিবার |

১. শিক্ষাবর্ষ হবে ১জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ পর্যন্ত। ১ম কর্মদিবস অর্থ্যাৎ ১ জানুয়ারি পাঠ্যপুস্তক দিবস হিসেবে উদযাপন করতে হবে।

২. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার গুণগত মান বৃদ্ধিকল্পে উল্লিখিত পরীক্ষার সময়সূচি মোতাবেক অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনি পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১(এক) বছর সংরক্ষণ করতে হবে। প্রতি পরীক্ষার সময়কাল ১৪ দিনের বেশী হবে না ।

৩. স্ব-স্ব বিদ্যালয় পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই বাহির থেকে প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতীত বছরে মোট ছুটি ৮৫ দিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল দিনকে সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে সে সকল দিন উক্ত ৮৫ দিনের অন্তর্ভূক্ত হবে।

৬. কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে বিদ্যালয় ছুটি দেয়া যাবেনা এবং সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবেনা। সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৮. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা/জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা ইত্যাদির প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৯. জেএসসি/এসএসসি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতীত অন্যান্য বিদ্যালয়সমূহে যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।

১০. প্রত্যেক বিদ্যালয়ে দৈনিক পাঠের বিবরণী নামে ডায়েরী ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিলি করতে হবে। এ ডায়েরীতে ছাত্র/ছাত্রী পরিচিতি, অভিভাবকদের প্রতি পরামর্শ, ছাত্র/ছাত্রীদের আচরণবিধি, শিক্ষকদের নাম ও শিক্ষাগত যোগ্যতা ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরী নির্দেশাবলী, ছুটির তালিকা এবং ক্লাস রুটিন (এতে প্রতিদিন অভিভাবকের স্বাক্ষর নিতে হবে) অন্তর্ভুক্ত থাকবে।

১১. জাতীয় গুরুত্বপূর্ণ দিবস যথা: ২১ ফেব্রুয়ারি, ১৭ মার্চ, ২৬ মার্চ, ১৫ আগস্ট ও ১৬ ডিসেম্বর ক্লাস বন্ধ থাকবে। তবে সংশ্লিষ্ট দিবসের বিষয়ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে বিদ্যালয়ে দিবসটি উদ্‌যাপন করতে হবে।

১২. প্রতিটি বিদ্যালয়ে সরকার কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী সৃজনশীল মেধা অন্বেষণ দিবস ও শিক্ষা সপ্তাহ পালন করতে হবে।

২৭/১২/২০১৭

(আবু আলী মো: সাজ্জাদ হোসেন)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৬৭৮০

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

**অনুলিপি :**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১/২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।